

ফতওয়া নং ৩২৭

প্রশ্ন:

আমাদের বাড়ির পাশে আমাদের বংশের দেওয়া একটা মসজিদ আছে আজ থেকে ৮২ বছর আগে আমাদের আর্থিক ও সমাজিক অবস্থা খারাপ হয়ে যাওয়ায় মসজিদ দেখভাল করতে না পারলে গ্রামের লোক পুরাতন মসজিদকে বন্ধ করে রাস্তার বিপরীতে নিজেদের বারোয়ারি জায়গায় নতুন নির্মাণ করে। এবং পুরাতন মসজিদ কে ইমাম ঘর ও ধানের গো ডাউন করে, ঝড়ে পুরাতন মসজিদের চাল উরে গেলে আমরা মসজিদ টার অর্ধেক মেরামতি করে **2010** সাল থেকে নামাজ পড়ছি আর বাকিটা গ্রামের লোক মাল রেখেছে আমরা কি কাজ টা ঠিক করেছি? মসজিদের পাশে কবর আছে শুনেছি কিন্তু কোন খানে সেটা জানি না তাহলে কবরস্থান এর হেফাজত করব কিভাবে ?

উত্তর:

যে স্থানটি একবার মসজিদ হিসেবে নির্বাচিত হয় তা কেয়ামত পর্যন্ত মসজিদ হিসেবেই বিবেচিত হবে। কাজেই স্থানটিকে মসজিদের মত করেই সংরক্ষণ করতে হবে। কেননা ওই স্থানটি কেয়ামত পর্যন্ত মসজিদ হিসেবে বাকি থাকবে, মসজিদ ব্যতিত ঐ স্থানে কেয়ামত পর্যন্ত আর অন্য কোন কাজ করা যাবে না। কোনো কারণ বশতঃ যদি মসজিদটি চালু রাখা সম্ভব না হয়, তাহলেও মসজিদটিকে সংরক্ষণ করা ও তার পবিত্রতা বজায় রাখা মুসলিম জনগণের উপর অপরিহার্য কর্তব্য। যে বা যারা উক্ত স্থানটিতে মসজিদের সম্মানের পরিপন্থী কোন কাজ করবে সে মারাত্মক অন্যাযকারী সাব্যস্ত হবে। কবরের স্থান যদি নিশ্চিত ভাবে জানা না থাকে বা লাশ মাটিতে পরিণত হয়েছে বলে ধারণা হয়, তাহলে কবর হেফাজতের বিষয় নিয়ে চিন্তা করার বিশেষ প্রয়োজন নেই। (তাবঈনুল হাক্বাইক ৩/৩৩১, আলমগীরী ১/১৬৭)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৭ রমাযান, ১৪৪৫ হিজরী (27/03/2024)